MAR. 02 2000

দৈনিক জনকণ্ঠ

5

তারিখ ... ... ...
পৃষ্ঠা ...২... কলাম ...১...

# আদালতের আদেশ নিয়ে বিপাকে পড়েছে শিক্ষা মন্ত্রণালয়

**স্টাফ রিপোর্টার ॥** আদালতের আদেশ নিয়ে বিপাকে পড়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা প্রতিষ্ঠানের ওপর বা শিক্ষা সংশ্লিষ্ট কিছু বিষয়ে আদালত নির্দেশ দেয়ায় মন্ত্রণালয় ও বোর্ডের কিছুই করণীয় থাকছে না। এমন তিনটি ঘটনায়

*(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)*

## আদালতের আদেশ *(প্রথম পাতার পর)*

মন্ত্রণালয় রীতিমতো বিব্রত।

মন্ত্রণালয় সূত্রে জানা যায়, অবাধ নকলের অভিযোগে গতবছর কুমিল্লা জেলার হোমনা থানার রঘুনাথপুর দারুস সুন্নাত ফাজিল মাদ্রাসা কেন্দ্র বাতিল করা হয়। হোমনা থানা নির্বাহী কর্মকর্তার সরেজমিন প্রতিবেদনের ভিত্তিতে মাদ্রাসা শিক্ষা বোর্ড কেন্দ্রটি বাতিল করে। কেন্দ্রসংশ্লিষ্ট লোকজন আদালতের আশ্রয় নেয়। আদালত মাদ্রাসা শিক্ষা বোর্ডের কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত সাময়িক স্থগিত আদেশ দেয়। সেই অবস্থায় বিষয়টি পড়ে আছে। এবারেও সেখানে পরীক্ষা হচ্ছে বলে জানা গেছে।

এদিকে কক্সবাজারের দুর্গম এলাকার পরীক্ষার্থীদের সুবিধার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ড টেকনাফ থানায় একটি নতুন ফাজিল পরীক্ষা কেন্দ্র অনুমোদন দেয়। পার্শ্ববর্তী উখিয়া থানায় অবস্থিত পরীক্ষা কেন্দ্রের লোকজন এটির বিরোধিতা করে। তাদের বক্তব্য, টেকনাফে পরীক্ষা কেন্দ্র হলে উখিয়া পরীক্ষা কেন্দ্রের ক্ষতি হবে। আদালত মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত অর্থাৎ টেকনাফের দুর্গম এলাকায় পরীক্ষা কেন্দ্র স্থাপন সাময়িক স্থগিত করে। এর ফলে মাদ্রাসা বোর্ড চাইলেও টেকনাফে পরীক্ষা কেন্দ্র স্থাপন করতে পারছে না।

ঢাকার একটি বেসরকারী বিশ্ববিদ্যালয় আদালতের আদেশ নিয়ে চলছে। শর্তপূরণ না করায় শিক্ষা মন্ত্রণালয় এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদন না দেবার সিদ্ধান্ত নেয়। পরবর্তীতে আদালতের আদেশ নিয়ে বিশ্ববিদ্যালয়টি কার্যক্রম চালিয়ে যাচ্ছে।